



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৬২/২০১৬/১০৮-৯০

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬


অফিস আদেশ

ইছাখালী ফাজিল মাদরাসা, ডাকঘর: খাসহাওলা, উপজেলা: পলাশ, জেলা: নরসিংদী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০৭-০৬-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিসহ ক্লাসে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি সকল শ্রেণিতে শিক্ষার্থীর পড়াশোনার মানোন্নয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং লাইব্রেরি পরিচ্ছন্ন রাখাসহ পড়াশোনার পরিবেশ সৃষ্টি করতে হবে;
২. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করত: মাদরাসার আয় ও ব্যয়ের হিসাব যথাযথভাবে কলামনার ক্যাশ বইয়ে লিপিবদ্ধ করতে হবে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আইন, বিধি, সংবিধি, নীতিমালা ও নির্দেশনা মেনে চলতে হবে;
৩. শ্রেণিকক্ষে ছেলে-মেয়েদের জন্য আলাদা পার্টিশনের (পর্দা) ব্যবস্থা করতে হবে এবং শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধিসহ মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা কমনরুম, ওয়াশরুম ও নামাজের স্থান আধুনিকায়ন করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৪. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাবকে (আরবি ও ইংরেজি) চালু করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
৫. শিক্ষার মানোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা ও আইপিএস-এর ব্যবস্থাসহ ক্লাসে শিক্ষার্থীদের ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৬. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাভ, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৭. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালেমানাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
৮. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


(প্রফেসর ড. হুসাইন আহম্মদ)

মাদরাসা পরিদর্শক (অ.দা)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, ইছাখালী ফাজিল মাদরাসা


ডাকঘর: খাসহাওলা, উপজেলা: পলাশ, জেলা: নরসিংদী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৬২/২০১৬/১০৮-৯০

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ইছাখালী ফাজিল মাদরাসা, ডাকঘর: খাসহাওলা, উপজেলা: পলাশ, জেলা: নরসিংদী।
৭. অফিস নথি।


০৭.১০.২০২৬

(সোমা আক্তার)

সহকারী মাদরাসা পরিদর্শক

মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩